ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনীর কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়

সরকারি আদেশ বৃদ্ধাঙ্গলি দেখিয়ে ছুটির দিনে পরীক্ষা নিলেন গাংনী পাইলট মাধ্যমিক স্কুল এন্ড কলেজ, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়সহ কয়েকটি বিদ্যালয়।

সরকারি ছুটির দিনে অষ্টম, নবম ও দশম শ্রেনীর পরীক্ষা নেওয়া হচ্ছে। এতে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীও শিক্ষকদের মধ্যে চাপা ক্ষোভ বিরাজ করছে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন পরীক্ষার্থী জানালেন, প্রধান শিক্ষক আফজাল হোসেন ছুটির দিনে পরীক্ষা নিচ্ছেন। এটা আমাদের ইচ্ছার বাইরে। শিক্ষকরাও বিষয়টি নিয়ে বেশ ক্ষিপ্ত। তারা জানান, ছুটির দিন নিজের পরিবারকে একটু সময় দেবো। অথচ, প্রধান শিক্ষক একই সিদ্ধান্ত নিয়ে পরীক্ষা নিচ্ছেন।

এব্যাপারে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন বলেন, রমজান মাসে দীর্ঘ একটি ছুটি ছিল। এছাড়া আমার বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার কেন্দ্র হওয়াতে ছুটির সংখ্যা আরো বেড়েছে। তাই পরীক্ষা নিয়ে সময়টা বাচানো হচ্ছে।
এব্যারে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার বলেন, শিক্ষার্থীদের ভালোর জন্য এটা হয়তো বা নিচ্ছেন। কিন্তু সরকারি নিয়ম অনুযায়ী ছুটির দিনে পরীক্ষা নেওয়ার কোনো নিয়ম নেই।